بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

২০ কার্তিক ১৪৩৩
০৫ নভেম্বর ২০২৬

বাণী

বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চলের উদ্যোগে আগামী ০৫-১০ নভেম্বর ২০২৬ ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে '৩য় আঞ্চলিক কাব ক্যাম্পুরি ২০২৬' অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি অংশগ্রহণকারী সকল কাব স্কাউট, গার্ল-ইন-কাব স্কাউট, স্কাউটার, স্বেচ্ছাসেবক রোভার স্কাউট এবং আয়োজকসহ সংশ্লিষ্ট সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি কাব স্কাউটিং শিশুদের শারীরিক ও মানসিক বিকাশ, নৈতিক মূল্যবোধ ও আত্মনির্ভরশীলতা অর্জন এবং সুশৃঙ্খল সুনাগরিক হিসেবে গড়ে তুলতে কার্যকর ভূমিকা পালন করে। কাব ক্যাম্পুরিতে অংশ নিয়ে শিশুরা আনন্দময় পরিবেশে বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণের পাশাপাশি পারস্পরিক সহযোগিতা, নেতৃত্ব ও বিভিন্ন দক্ষতা অর্জনে সুযোগ পায়। এসব অভিজ্ঞতা শিশুদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে এবং তাদের দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে। এ পেক্ষাপটে ৩য় আঞ্চলিক কাব ক্যাম্পুরির প্রতিপাদ্য 'নীল আকাশ, সবুজ বন, স্কাউটিংয়ে গড়ি জীবন' সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ হয়েছে বলে আমি মনে করি।

এবারে আঞ্চলিক ক্যাম্পুরিতে দিনাজপুর অঞ্চলের আটটি জেলার কাব স্কাউট শিশুরা শিক্ষামূলক ও রোমাঞ্চকর কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে বন্ধুত্ব, পারস্পরিক সহযোগিতা, ভ্রাতৃত্ববোধের বন্ধনে আবদ্ধ হওয়ার পাশাপাশি নেতৃত্বের গুণাবলি অর্জন করবে। আমি বিশ্বাস করি, এই অর্জিত শিক্ষা ও অভিজ্ঞতা শিশুদের দেশপ্রেমিক, মানবিক ও উন্নত চরিত্রবান নাগরিক হিসেবে গড়ে উঠতে এবং একটি অসাম্প্রদায়িক ও সম্প্রীতিপূর্ণ সমাজ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আমি বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চলের '৩য় আঞ্চলিক কাব ক্যাম্পুরি ২০২৬'-এর সার্বিক সাফল্য এবং অংশগ্রহণকারী কোমলমতি কাব স্কাউটদের উজ্জ্বল ও সুন্দর ভবিষ্যৎ কামনা করছি।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর